# “ব্যান্সডক-এর ওয়েবসাইট আকর্ষণীয়করণ”-শীর্ষক সেমিনার
## ২১ জানুয়ারি, ২০১৪ এর
# প্রতিবেদন




## স্থানঃ ব্যান্সডক মিলনায়তন

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ই-১৪/ওয়াই, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন ঃ ৮১২৭৭৪৪, ৮১৫৯২১৫ ; ফ্যাক্স ঃ ৮৮০-২-৯১৪০০৬৬
ই-মেইল ঃ bansdoc@gmail.com; www.bansdoc.gov.bd

প্রকাশনায় ঃ বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)

প্রকাশকাল ঃ ২১ জানুয়ারি, ২০১৪

# অনুষ্ঠানসূচি

| | | |
|---|---|---|
| ১০ঃ৩০ মিঃ | ঃ | রেজিস্ট্রেশন |
| প্রথম অধিবেশন | | |
| **উদ্বোধনী ও টেকনিক্যাল সেশন** | | |
| ১১ঃ০০ টা | ঃ | সম্মানিত অতিথিবৃন্দের আসন গ্রহণ |
| ১১ঃ০৫ মিঃ | ঃ | পবিত্র কোরআন থেকে তেলাওয়াত |
| ১১ঃ১০ মিঃ | ঃ | স্বাগত বক্তব্য |
| ১১ঃ১৫ মি | ঃ | কি-নোট পেপার উপস্থাপন |
| ১১ঃ৩৫ মিঃ | ঃ | নির্ধারিত আলোচকবৃন্দের বক্তব্য |
| ১১ঃ ৫০ মিঃ | ঃ | মুক্ত আলোচনা |
| | | **প্রধান অতিথির বক্তব্য** |
| ১২ঃ২০ মিঃ | | জনাব এ.কে.এম. আমির হোসেন<br>ভারপ্রাপ্ত সচিব<br>বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| ১২ঃ৩০ মিঃ | ঃ | মধ্যাহ্ন ভোজ ও নামাজের বিরতি |
| দ্বিতীয় অধিবেশন | | |
| ১৩ঃ৩০ মিঃ | ঃ | প্রশ্নোত্তর পর্ব |
| ১৪ঃ০০ টা | ঃ | রিপোর্ট উপস্থাপন |
| ১৪ঃ১৫ মিঃ | ঃ | ধন্যবাদ জ্ঞাপন |
| ১৪ঃ০০ টা | ঃ | সমাপ্তি |

# সূচিপত্র


| ক্র: নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | ভূমিকা | |
| ২. | স্বাগত ভাষণ | ১ |
| ৩. | কী-নোট পেপার উপস্থাপন<br>মোঃ মোজাম্মেল হক, পিএসও, ব্যান্সডক, ঢাকা। | ২-৫ |
| | **নির্ধারিত আলোচকবৃন্দের বক্তব্য** | |
| ৪. | দিলীপ কুমার বসাক এনডিসি, অতিরিক্ত সচিব<br>বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় | ৬ |
| ৫. | ডাঃ এ কে এম আছাদুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় | ৭ |
| ৬. | অধ্যাপক ড. মোঃ আব্দুল আওয়াল<br>বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | ৮ |
| ৭. | জায়েদ ফেরদাউস রুমি, পরিচালক, কিইউ সফ্‌ট, লালমাটিয়া, ঢাকা। | ৯ |
| ৮. | নাহিদুল ইসলাম রোমেল, মহাখালী, ঢাকা। | ১০ |
| | **উন্মুক্ত আলোচনা** | |
| ৯. | নূরুল আলম জুয়েল, প্রোগ্রামার, ইনফোসরকার প্রকল্প | ১১ |
| ১০. | মোঃ সাখাওয়াত হোসেন, প্রোগ্রামার<br>বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় | ১১ |
| ১১. | মোঃ নাজমুছ সাহাদাত, সহকারী কম্পিউটার প্রোগ্রামার<br>শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা। | ১২ |
| ১২. | ইঞ্জিনিয়ার সুকল্যান বাছাড়<br>ন্যাশনাল মিউজিয়াম অব সায়েন্স এন্ড টেকনোলজি, ঢাকা। | ১২ |
| ১৩. | নায়মা ইয়াসমীন<br>বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, ঢাকা। | ১২ |
| | **প্রধান অতিথির বক্তব্য** | |
| ১৪. | এ কে এম আমির হোসেন, ভারপ্রাপ্ত সচিব<br>বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় | ১৩ |
| ১৫. | ধন্যবাদ জ্ঞাপন | ১৪ |
| ১৬. | রির্পোট উপস্থাপন | ১৫ |
| ১৭. | পরিশিষ্টঃ (ক) সুপারিশমালা | ১৬ |
| ১৮. | পরিশিষ্টঃ (খ) অংশগ্রহণকারীবৃন্দের উপস্থিতি | ১৭-১৯ |

# ভূমিকা

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীণ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক তথ্য সংগ্রহ সংরক্ষণ ও বিতরণের ক্ষেত্রে সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত একটি জাতীয় প্রতিষ্ঠান। বর্তমানে ব্যান্সডক ম্যানুয়াল পদ্ধতি থেকে সরে এসে ডিজিটাল পদ্ধতিতে সেবা প্রদানে চেষ্টা চালাচ্ছে । এ উদ্দেশ্যে ব্যান্সডক ওয়েবসাইটের মাধ্যমে ৮টি ডাটাবেজ প্রণয়ন করে তথ্য সেবা প্রদান করছে। ব্যান্সডক-এর ওয়েবসাইটে ৮টি ডাটাবেজের সাথে Newspaper Archives-শীর্ষক একটি ডাটাবেজ সংযোজন করা হচ্ছে। ব্যান্সডক-এর গভার্ণিং বোর্ডের সভাপতি জনাব মোঃ রফিকুল ইসলাম, সচিব পিএইচডি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী ব্যান্সডক-এর ওয়েবসাইকে আকর্ষণীয় করার জন্য এ সেমিনারের আয়োজন করা হয়।

সেমিনারটি ২টি অধিবেশনে বিভক্ত ছিল। প্রথম অধিবেশনে টেকনিক্যাল সেশনে অতিথিবৃন্দের আসন গ্রহণ, পবিত্র কোরআন তেলাওয়াত, স্বাগত বক্তব্য, কি-নোট পেপার উপস্থাপন, নির্বাচিত আলোচকবৃন্দের বক্তব্য, মুক্ত আলোচনা এবং প্রধান অতিথির বক্তব্য উপস্থাপন করা হয়। দ্বিতীয় অধিবেশনে প্রশ্নোত্তর পর্ব, রিপোর্ট উপস্থাপন ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়। আশা করছি এ সেমিনার হতে প্রাপ্ত মূল্যবান পরামর্শ ও সুপারিশমালা কাজে লাগিয়ে ব্যান্সডক-এর ওয়েবসাইট আরো আকর্ষণীয় ও তথ্য সমৃদ্ধ করা সম্ভব হবে। যার মাধ্যমে দেশের গবেষকদের তথ্য সেবা প্রদানের মানও উন্নত হবে।

প্রকাশনার সাথে জড়িত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাই।

মিজানুর রহমান
মহাপরিচালক
ব্যান্সডক, ঢাকা



**স্বাগত বক্তব্য জনাব মোঃ মনিরুজ্জামান, এসআরও, ব্যান্সডক, ঢাকা**

জনাব মোঃ মনিরুজ্জামান, এসআরও, ব্যান্সডক, সেমিনারে উপস্থিত সকলকে ব্যান্সডক-এর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, ব্যান্সডক জাতীয় পর্যায়ে তথ্য বিনিময়ের লক্ষ্যে সেবা দিয়ে যাচ্ছে। ব্যান্সডক-এর সেবাসমূহকে ম্যানুয়াল পদ্ধতি থেকে ডিজিটাল পদ্ধতিতে রূপান্তরিত করা হয়েছে। এ উপলক্ষ্যে ব্যান্সডক ৮টি ডাটাবেজের মাধ্যমে গবেষণাধর্মী ওয়েবসাইট সেবা দিয়ে যাচ্ছে। তথ্যের জন্য গবেষক নয় বরং গবেষকদের জন্য তথ্য এ লক্ষ্যে ব্যান্সডক কাজ করে যাচ্ছে। এটি ব্যান্সডক-এর একটি ক্ষুদ্র প্রয়াস। ব্যান্সডক-এর যে ডাটাবেজগুলো আছে, তার সাথে Newspaper Archives শীর্ষক একটি ডাটাবেজ ব্যান্সডক-এর ওয়েবসাইটে সংযোজন করা হচ্ছে। এ ডাটাবেজটি পর্যবেক্ষণ করে আপনাদের অভিজ্ঞ পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি। সেমিনারের বিষয়বস্তুর উপর আপনাদের পরামর্শ অনুযায়ী ব্যান্সডক তার ওয়েবসাইট আরও তথ্যবহুল করা সম্ভব হবে। যার মাধ্যমে ব্যান্সডক গবেষণা কর্মকে আন্তর্জাতিক পর্যায়ে তুলে ধরার ভূমিকা রাখবে। আপনাদের মূল্যবান সময় ব্যয় করে সেমিনারকে সাফল্যমন্ডিত করায় পুনরায় স্বাগত জানিয়ে বক্তব্য শেষ করছি।




**কী-নোট পেপার উপস্থাপন মোঃ মোজাম্মেল হক, পিএসও, ব্যান্সডক**

## কী-নোট পেপার

### "ব্যান্সডক-এর ওয়েবসাইট আকর্ষণীয়করণ"

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এণ্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) 'বিসিএসআইআর'-এর অংগ সংগঠন হিসেবে ১৯৬২ সালে কার্যক্রম শুরু করে। ব্যান্সডক আইন'২০১০-এর মাধ্যমে ব্যান্সডক স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করে। এটি একটি বিজ্ঞান ভিত্তিক সরকারি জাতীয় তথ্য সেবাদান কেন্দ্র।

ব্যান্সডক অফলাইন ও অনলাইন উভয় সেবাই দিয়ে থাকে ঃ

(১) **অফলাইন সেবা ঃ** ব্যান্সডক লাইব্রেরিতে বিজ্ঞানের সকল শাখার প্রায় ২১,০০০ টেক্সট ও রেফারেন্স বইসহ ৪৫০টি শিরোনামের দেশি-বিদেশি জার্নাল রয়েছে। এছাড়াও থিসিস, রিপোর্ট, প্রসিডিংস্, নিউজলেটার ইত্যাদি সংরক্ষিত আছে। আগ্রহী ব্যক্তি/গবেষক ব্যান্সডক লাইব্রেরিতে এসে সেবা গ্রহণ করতে পারেন, যা সকলের জন্য উন্মুক্ত। ব্যান্সডক-এর এসএণ্ডটি ইনফরমেশন শাখায় উপস্থিতির মাধ্যমে ভর্তূকি মূল্যে দেশি-বিদেশি জার্নালে প্রকাশিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক আর্টিকেলসহ সিডি সার্চের মাধ্যমে এ্যাবস্ট্রাক্টস্ অফলাইন সেবা প্রদান করা হচ্ছে।

(২) **অনলাইন সেবা ঃ** প্রায় লক্ষাধিক পৃষ্ঠার তথ্য ভাণ্ডার সম্বলিত ব্যান্সডক ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে সেবা প্রদান করা হচ্ছে যা নিম্নরূপঃ

১। **Directory of Scientists and Technologists of Bangladesh** ঃ এ ডাটাবেজটিতে বর্তমানে ২৭৪০ জন বিজ্ঞানীর তথ্য সন্নিবেশিত রয়েছে। একজন গবেষক তাঁর ফিল্ডের কোন গবেষক কোথায় রয়েছেন এবং তাঁর সৃষ্টি কি তা জানতে পারবেন। তবে উক্ত ডাইরেক্টরীতে মুদ্রণজনিত ত্রুটি রয়েছে, যার সংশোধন প্রক্রিয়াধীন।

২। **Current S&T Research Projects** ঃ এ ডাটাবেজটিতে বর্তমানে প্রায় ১৪০০ টি চলমান এসএণ্ডটি রিসার্চ প্রকল্পের তথ্য রয়েছে।

৩। **National Union Catalogue** ঃ এ ডাটাবেজটিতে বর্তমানে দেশের ৮৪ টি গ্রন্থাগারের ৪,৪৪৯ টি শিরোনামের জার্নালের ৬,৯৮২টি ভলিউম রয়েছে। একজন পাঠক/গবেষক নিজ অবস্থান থেকে তাঁর প্রয়োজনীয় জার্নালটি কোন লাইব্রেরিতে, কোন কোন সালের কি কি সংখ্যা রয়েছে, তা জানতে পারবেন।

৪। **National Science Abstracts** ঃ ব্যান্সডক গ্রন্থাগারে বাংলাদেশি জার্নালসমূহের এ্যাবস্ট্রাক্টস্ ডাটাবেজ আকারে উন্মুক্ত করা হয়েছে, যার রেকর্ড সংখ্যা ২৪৪৫।

৫। **BANSDOC Books** ঃ ব্যান্সডক লাইব্রেরিতে প্রায় ২১,০০০ বইয়ের মধ্যে ১৬,৬০৪ টি বইয়ের বিবলিওগ্রাফিক তথ্য ব্যান্সডক বুক্স নামক ডাটাবেজে উন্মুক্ত করা হয়েছে। একজন পাঠক ব্যান্সডক-এ না এসেও তার প্রয়োজনীয় বইটি ব্যান্সডক গ্রন্থাগারে আছে কিনা, সে বিষয়ে নিশ্চিত হতে পারেন।

৬। **BANSDOC Thesis** ঃ দেশের বিভিন্ন গ্রন্থাগার/ডকুমেন্টেশন সেন্টারে যে সকল থিসিস/ডিজারটেশন রয়েছে, সেগুলো সংগ্রহ করে তার টাইটেল এবং এ্যাবস্ট্রাক্টস্ পেজ ডাটাবেজ আকারে BANSDOC Thesis নামক ডাটাবেজের মাধ্যমে উন্মুক্ত করা হয়েছে, যার সংখ্যা ১০,৬৭৬। সম্পূর্ণ ডকুমেন্টটি কোথায়, কোন গ্রন্থাগারে রয়েছে তাও ডাটাবেজের মাধ্যমে জানা যাবে এবং ডাটাবেজটির মাধ্যমে গবেষকের মূল্যবান সময় ও অর্থের সাশ্রয় হবে। শেরেবাংলা কৃষি বিশ্ববিদালয়ের ওয়েবসাইটের সাথে ব্যান্সডক ওয়েবসাইটের লিংক স্থাপন করা হয়েছে। আগ্রহী ব্যক্তি/গবেষক উক্ত লিংকের মাধ্যমে ৫,৫০৫ টি থিসিসের ফুল টেক্সট দেখতে/পড়তে/ডাউনলোড করতে পারবেন।

৭। **Innovations of Young Scientists & Science Club** ঃ নবীন বিজ্ঞানীদের উদ্ভাবন এ ডাটাবেজে রয়েছে। নবীন বিজ্ঞানীদের উদ্ভাবন সংরক্ষণসহ তাদের উৎসাহিত করাই এ ডাটাবেজের উদ্দেশ্য। এ ডাটাবেজে মোট ২৪০ টি রেকর্ড সংরক্ষিত আছে।

৮। **Scientific & Industrial Innovations** ঃ দেশে সরকারি/বেসরকারি পর্যায়ে উদ্ভাবিত লাগসই প্রযুক্তির বিভিন্ন আবিষ্কারের তথ্যাদি এ ডাটাবেজে সংরক্ষণ করা হয়েছে। উক্ত ডাটাবেজে বর্তমানে ১৬৫টি রেকর্ড সংরক্ষিত আছে।

৯। **Newspaper Archives:** ব্যান্সডক-এর ৮টি ডাটাবেজের সাথে নতুন সংযোজন হিসেবে **'ইনফরমেশন থ্রো নিউজপেপার ক্লিপিং'** শীর্ষক ডাটাবেজটি বাংলাদেশের দৈনিক পত্রিকাসমূহে প্রতিদিনের প্রকাশিত বিজ্ঞান ভিত্তিক তথ্যের সমন্বয়ে গঠিত হবে। একজন গবেষক দৈনিক পত্রিকায় প্রকাশিত তথ্যসমূহ একই সংগে আর্কাইভ্স আকারে পাবেন।

**উপরোক্ত ডাটাবেজের তথ্যাদি ছাড়াও ব্যান্সডক ওয়েবসাইটে নিম্নরূপ তথ্যাদি/সেবা রয়েছেঃ**

(ক) **BANSDOC e-Books & e-Journals** ঃ এ ওয়েবসাইটে ব্যান্সডক-এর একটি ই-বুক কর্ণার রয়েছে। নিজস্ব/ওয়েব থেকে দূর্লভ/মূল্যবান কিছু বইয়ের পিডিএফ সংস্করণ সংগ্রহ করে ই-বুক আকারে ব্যান্সডক-এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। আগ্রহী ব্যক্তি/গবেষক ই-বুকগুলো দেখতে/পড়তে/ডাউনলোড করতে পারবেন। সংরক্ষিত ই-বুক-এর সংখ্যা ১৫৭ টি।

(খ) **Other e-Resources** ঃ **HINARI** (Health InterNetwork Access to Research Initiative), **AGORA** (Access to Global Online Research in Agriculture), **INASP-PERI** (International Network for the Availability of Scientific Publications-Programme for the Enhancement of Research Information) কনসোর্টিয়ামের পাবলিশার্সদের ওয়েবসাইট ব্যবহারের জন্য ব্যান্সডক-এর আইপি বেইজ্ড অনুমতি রয়েছে। আগ্রহী ব্যক্তি/গবেষক ব্যান্সডক-এ এসে বিনামূল্যে এ সকল ওয়েবসাইটের তথ্যাদি দেখতে/পড়তে/ডাউনলোড করতে পারবেন।

(গ) মূল্য পরিশোধ সাপেক্ষে যে সকল তথ্য/সেবা প্রদান করা হয়ে থাকে, সেক্ষেত্রে কোন আগ্রহী ব্যক্তি/গবেষক মোবাইল ফোনের মাধ্যমে নির্ধারিত ফি/মূল্য পরিশোধ করে সংশ্লিষ্ট/যাচিত তথ্যাদি অনলাইনে এবং প্রযোজ্য ক্ষেত্রে অফলাইনে পেতে পারেন।

(ঘ) ব্যান্সডক-এর ওয়েবসাইটে সার্ক ডকুমেন্টেশন সেন্টার (এসডিসি) নয়াদিল্লী, ভারত-এর সাথে লিংক রয়েছে, যাতে নিম্নোক্ত ৮টি ডাটাবেজের তথ্য পাওয়া যাবে ঃ

1. Database of Literatures on Public Health in SAARC Region
2. Database of Literatures on Diseases in SAARC Region
3. SAARC Abstracts on Medicinal and Aromatic Plants Abstracts (MAPA)
4. SAARC Abstracts on Developmental Matters
5. Database of the Literature on Socio-economic Issues in the SAARC region

6. Database of the Agreement made between two or more Member States of SAARC available in the public domain
7. Database of the Bibliography on SAARC
8. Directory of Periodicals in the SAARC Countries

একজন গ্রাহক ব্যান্সডক ওয়েবসাইটে প্রবেশ করে যাতে সহজেই তথ্যবহুল অন্যান্য ওয়েবসাইট ভিজিট করতে পারেন, সে উদ্দেশ্যে নিম্নোক্ত প্রতিষ্ঠানের ওয়েবসাইটগুলোর সাথে লিংক দেওয়া হয়েছেঃ

Ministry of S&T
BAEC
BCSIR
NMST
BSMR Novo Theatre
N I B
SAARC Documentation Centre (SDC)
Agricultural Thesis of Bangladesh
Internee Participants
SDC e-Library
ই-তথ্য কোষ

আপনারা ব্যান্সডক-এর ওয়েবসাইটটি ভিজিট করে প্রয়োজনীয় সুপারিশ করুন। আপনাদের মূল্যবান সুপারিশসমূহ ভবিষ্যতে ব্যান্সডক ওয়েবসাইটটিকে আরও আকর্ষণীয় ও ইউজার ফ্রেন্ডলি করতে সহায়তা করবে।

----------------



**নির্ধারিত আলোচক, জনাব দিলীপ কুমার বসাক এনডিসি, অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

জনাব দিলীপ কুমার বসাক এনডিসি, অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় নির্ধারিত আলোচনায় সকলকে স্বাগত জানিয়ে বলেন, পূর্বের ব্যান্সডক ওয়েবসাইটটি মন্ত্রণালয় এবং ব্যান্সডক-এর যৌথ প্রচেষ্টায় অনেক উন্নত ও তথ্য পূর্ণ হয়েছে। তিনি আশা পোষণ করেন যে, পত্রিকায় বিজ্ঞান বিষয়ক যে সকল তথ্য প্রকাশিত হয়, Newspaper Clipping বা Archiving ডাটাবেজটি ওয়েবসাইটে সংযুক্ত হলে গবেষকগণ বেশ উপকৃত হবেন। ব্যান্সডক ওয়েবসাইটে যদি বিজ্ঞানের সকল তথ্য গবেষকগণ পেয়ে যান, তাহলে তাদের সময় অর্থের সাশ্রয় হবে।

ব্যান্সডক-এর ওয়েবসাইট আকর্ষণীয় করার জন্য তিনি Front Page - এ কিছু এনিমেশন স্থাপন করার পরামর্শ প্রদান করেন। এ জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের Website থেকে ধারণা নেয়া যেতে পারে। ব্যান্সডক Website-এর তথ্য বহুল Databaseগুলো Categories ভাবে স্থাপন এবং Click করে সহজেই নির্দিষ্ট স্থানে পৌঁছে তথ্য Download করার ব্যবস্থা রাখার পরামর্শ প্রদান করেন। Website-এর প্রথম Page থেকেই যেন ধারণা পাওয়া যে, ব্যান্সডক-এর ওয়েবসাইটে কি ধরণের তথ্য রয়েছে ও বাংলা এবং ইংরেজি ভাষায় গল্পের মত সহজ ও আর্কষণীয় করার ব্যবস্থা করা যেতে পারে। ওয়েবসাইট ব্যবহারকারীদের নিকট থেকে Feedback গ্রহণ করে কি ব্যবস্থা নেয়া হল, তার Reply -এর ব্যবস্থা রাখা যেতে পারে। বিজ্ঞান ও প্রযুক্তিগত গবেষণামূলক আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে সবসময় Link Active

রাখতে হবে। তিনি বলেন, এভাবে ব্যান্সডক ওয়েবসাইট সকলের নিকট অত্যাবশ্যকীয় হয়ে উঠবে।



**নির্ধারিত আলোচক, ডাঃ একেএম আছাদুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

ডাঃ এ কে এম আছাদুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সেমিনারে উপস্থিত সকলকে সালাম জানিয়ে কি-নোট পেপার উপস্থাপককে সুন্দর উপস্থাপনার জন্য সাধুবাদ জানান। তিনি বলেন, কি-নোট পেপার স্বয়ং সম্পূর্ণভাবে আসেনি। কি-নোটে শুধু সেবাগুলো এসেছে। ওয়েবসাইটের লক্ষ্য ও উদ্দেশ্য কি হবে, আরো কি প্রয়োজন হতে পারে, কোন সমস্যা আছে কিনা সেগুলো কি-নোটে উল্লেখ থাকা প্রয়োজন ছিল। কি-নোটে অফলাইনের কোন প্রয়োজনীয়তা দেখিনা। ব্যান্সডক-এর বিদ্যমান ওয়েবসাইট Well Organize না। বিষয় ভিত্তিক দৃষ্টি দেয়া দরকার শুধু অনেকগুলো বিষয় থাকলেই হবে না। বিষয়গুলো Qualitative হলে ভালো হয়। নিউজপেপার সার্চের জন্য সুবিধা থাকতে হবে। ব্যান্সডক ওয়েবসাইটে Google Search ফোকাসটা বেশী দেয়া হয়েছে। ব্যান্সডক-এর ই-পেমেন্টের পদ্ধতি বিস্তারিত বর্ণনা দিলে ভাল হয়। তৃণমূল পর্যায়ে ব্যবহারকারীদের ফিডব্যাকের জন্য একটি প্রশ্নমালা এবং ব্যান্সডক ওয়েবসাইট ব্যবহার বিধির উপর নির্দেশনা ওয়েবসাইটে রাখার জন্য পরামর্শ প্রদান করেন।



**নির্ধারিত আলোচক, অধ্যাপক মোঃ আব্দুল আওয়াল, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ**

অধ্যাপক ড. মোঃ আব্দুল আওয়াল, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, সকলকে ধন্যবাদ ও সালাম জানিয়ে বলেন, ওয়েবসাইট ডিজাইন মূলতঃ একটি শিল্প। ব্যান্সডক-এর ওয়েবসাইট সায়েন্টিফিক রিসোর্সে সমৃদ্ধ হওয়া প্রয়োজন। ইঞ্জিনিয়ারিং এবং মেডিক্যাল সায়েন্সের গবেষকরা ব্যান্সডক-এর ওয়েবসাইট বেশী ব্যবহার করে। এদের কথা স্মরণ রেখে ব্যান্সডক-এর ওয়েবসাইট সমৃদ্ধ করা প্রয়োজন। ব্যান্সডক-এর ওয়েবসাইট ঢাকা বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়ের মত চলমান প্রক্রিয়ায় প্রত্যেক সপ্তাহে আপডেট করা প্রয়োজন। সায়েন্টিফিক রিসোর্সসমূহে ওয়েবসাইটের সিকিউরিটি থাকতে হবে। তানা হলে কপিরাইট আইন (IPR)-এর ব্যতয় ঘটতে পারে। অনেক সময় দেখা যায় অনেকে ফুল থিসিস ডাউনলোড করে থাকে। এ জন্য একটা ফরম থাকবে। ইউজাররা কতটুকু অংশ ডাউনলোড করবে, তা ফরম পূরণ করে ডাউনলোড করবে। এর মাধ্যমে ধরা পড়বে কে কতটুকু ডাউনলোড করেছে। ব্যান্সডক-এর ওয়েবসাইটে এ ধরণের ব্যবস্থা থাকা প্রয়োজন।



**জনাব জায়েদ ফেরদাউস রুমি, পরিচালক, কিইউ সফ্ট, লালমাটিয়া**

জনাব জায়েদ ফেরদাউস রুমি, পরিচালক, কিইউ সফ্ট, ২/১৮, ব্লক-বি, লালমাটিয়া, ঢাকা সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে নির্ধারিত আলোচনা শুরু করেন। তিনি বলেন, একটি Website তখনই User- এর নিকট আর্কষণীয় হবে, যখন User তার আশা অনুযায়ী তথ্য পাবে এবং প্রয়োজন মত কাজ করতে সক্ষম হবে। এর জন্য প্রয়োজন Websiteটি সুচারু রূপে Design করা। Front Page - এর সৌন্দর্য্যের সাথে এর Content যথাযথভাবে উপস্থাপন করা প্রয়োজন। প্রতিষ্ঠানের নিজস্ব তথ্য যা থাকা প্রয়োজন ব্যান্সডক ওয়েবসাইট তার প্রায় সবই আছে। ওয়েবসাইটে প্রয়োজন অতিরিক্ত Animation অনেক সময় বিরক্তির উদ্রেক ঘটায়। শুধুমাত্র প্রয়োজনীয় ক্ষেত্রে News Flashing এর ব্যবস্থা রাখা যেতে পারে।

তিনি বলেন, ব্যান্সডক-এর ওয়েবসাইট একবারে নির্মাণ হয়নি। এর ডাটাবেজগুলো বিভিন্ন সার্ভারে রয়েছে। এভাবে না করে একই জায়গায় Design user এবং Administration উভয়ই একই জায়গায় রেখে নিয়ন্ত্রণ করা প্রয়োজন। তিনি Newspaper clipping এর একটি Demo প্রদর্শন করেন। ব্যান্সডক-এর ওয়েবসাইটটি আর্কষণীয় করার জন্য Union Catalogue-এর সাথে Newspaper Clipping Link স্থাপন করার সুপারিশ করেন, যার মাধ্যমে Publisher-এর ডাটাবেজ থেকে সঠিক তথ্য Upload হয়ে যাবে।

তিনি প্রস্তাব করেন যে, কত জন-ব্যান্সডক-এর ওয়েবসাইটে Registration এবং Browse করছে তার Record  রাখার ব্যবস্থা করা যেতে পারে। ব্যান্সডক-এর ওয়েবসাইট আর্কষণীয় করার জন্য Advance searching -এর ব্যবস্থা রাখা যেতে পারে।  যেহেতু ওয়েবসাইটের ধারণ ক্ষমতা একটি ব্যাপার, তাই তথ্য PDF - এ না রেখে HTML- এ রাখা যেতে পারে।



**নাহিদুল ইসলাম রোমেল, মহাখালী, ঢাকা**

জনাব নাহিদুল ইসলাম রোমেল, মহাখালী, ঢাকা সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে আলোচনা শুরু করেন। তিনি বলেন, ওয়েবসাইটের গুরুত্বপূর্ণ দিক হচ্ছে সার্চিং। ওয়েবসাইটে অধিক Animation থাকলে নানাবিধ জটিলতা সৃষ্টি হয়। ব্যান্সডক-এর ওয়েবসাইট আর্কষণীয় করার জন্য এমন একটি Platform  তৈরী করা যেতে পারে যেখানে user end থেকে তথ্য Input দেয়া যেতে পারে।  এটি মূলতঃ Collaboration Scientific ভিত্তিতে কাজ করবে। Intellectual Property Right - এর আওতায় পড়ে না, এমন Scientific Document গুলোর সাথে Link স্থাপন করার জন্য একটি Feedback থাকা প্রয়োজন। ব্যান্সডক-এর ওয়েবসাইটের মাধ্যমে একটি Scientific Web Forum গঠন করা যায়। এতে প্রতিবছর ২,৫০০ থেকে ৩,০০০ Students and Professorsগণ তাদের থিসিস-এর ডাটা submit করতে পারে এবং ব্যান্সডক Modertor  হিসেবে কাজ করতে পারে। ফলে তথ্যের Reputation  বা  Piracy বন্ধ হতে পারে।



মুক্ত আলোচনা

১। মুক্ত আলোচনায় অংশগ্রহণ করে নূরুল আলম জুয়েল, প্রোগ্রামার, ইনফোসরকার প্রকল্প বলেন, Monthly Newsletter System Running, Supporting mail regular answer/Feedback colum থাকলে ভাল হয়। Current Activities Status Hompage Display এবং Total website home page constant free-থাকলে ভাল হয়।

২। জনাব মোঃ সাখাওয়াত হোসেন, প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বলেন, ব্যান্সডক-এর বিদ্যমান ওয়েবসাইট Static, ইহাকে Dynamic করতে হবে। ব্যান্সডক ওয়েবসাইট বাংলা ও ইংরেজী ভাষায় করা যেতে পারে। ডাটাবেজগুলোকে পৃথক করে মূল ওয়েবসাইটের সাথে Link আকারে দেয়া যেতে পারে। পরবর্তীতে ওয়েবসাইট পরিবর্তনের সময় ডাটাবেজের কোন সমস্যা না হয়। Feedback System থাকতে পারে এবং Browser Independent হতে হবে। Search -এর ক্ষেত্রে সকল Search Menu Unique হতে পারে। সার্স ইঞ্জিন আরো শক্তিশালী করতে হবে। ডাটাবেজ তৈরীর ক্ষেত্রে রিপোর্ট তৈরী করা যায় তার ব্যবস্থা করা যেতে পারে ।

৩। জনাব মোঃ নাজমুছ সাহাদাত, সহকারী কম্পিউটার প্রোগ্রামার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, ওয়েবপেজ আন্তর্জাতিক মানের হওয়া প্রয়োজন। হোমপেজে সকল ডাটাবেজের সামারী থাকা প্রয়োজন। ওয়েবসাইট User friendly এবং Feedback লিংক

থাকাটা জরুরি। দেশের বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের Web Address গুলোর সাথে ব্যান্সডক-এর ওয়েবসাইটের লিংক থাকা প্রয়োজন। ইমেজগুলো Dynamic করা প্রয়োজন। ওয়েবপেজকে পাবলিকলি প্রচার কিভাবে হয়, সে দিকটা খেয়াল রাখা প্রয়োজন।

৪। ইঞ্জিনিয়ার সুকল্যান বাছাড়, এনএমএসটি বলেন, দেশের বিজ্ঞানীদের জন্য কমন রেফারেন্স প্লাটফর্মের খুবই প্রয়োজন। ব্যান্সডকই এ মূখ্য ভূমিকা পালন করতে পারে। এ জন্য প্রাথমিকভাবে চিন্তা করতে হবে, কোন শ্রেণীর লোক ব্যান্সডক-এর সেবা গ্রহণ করে থাকে। আমরা সাধারণভাবে বুঝে থাকি বিভিন্ন শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের ছাত্র-শিক্ষক ও গবেষকগণ ব্যান্সডক-এর সেবা গ্রহণ করে থাকে। প্রথমেই জানতে হবে শিক্ষার উদ্দেশ্যে বিজ্ঞান ও প্রযুক্তির কতগুলো বিষয়ের উপর শিক্ষা দেয়া হয়। অতঃপর তথ্য সংগ্রহের জন্য ব্যান্সডক রিসোর্সগুলোকে উল্লিখিত বিষয়ের উপর সামঞ্জস্য রেখে পৃথকভাবে সাজিয়ে রাখতে হবে। এ ছাড়া বর্তমানে বিভিন্ন ওয়েবসাইটে বিভিন্ন রেফারেন্স বুক ও আন্তর্জাতিক জার্নাল পাওয়া যায়। এগুলো ব্যান্সডক ডাউনলোড করে সেবা প্রদান করতে পারে। ব্যান্সডক গবেষকদের মধ্যে তথ্য আদান-প্রদান মধ্যস্থতাকারী হিসেবে ভূমিকা পালন করতে পারে। এ উদ্দেশ্যে ব্যান্সডক তাদের স্টেক হোল্ডারদের জন্য তথ্যের রিপোজিটরী গড়ে তুলবে এবং গবেষকদের তথ্য সরবরাহের উদ্দেশ্যে গবেষকদের জন্য বন্ধুভাবাপন্ন যোগাযোগের পরিবেশ সৃষ্টি করবে। ব্যান্সডক এ সকল দায়িত্ব পালন করলে অভিষ্ঠ লক্ষ্যে পৌঁছুতে পারবে।

৫। জনাব নায়মা ইয়াসমীন, বঙ্গবন্ধু নভোথিয়েটার বলেন, ব্যান্সডক-এর ফ্রন্ট পেইজ-এ কারেন্ট সায়েন্টিফিকদের প্রকাশনাগুলো ফ্লাসিং আকারে থাকতে পারে।



**প্রধান অতিথি জনাব একেএম আমির হোসেন, ভারপ্রাপ্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

জনাব এ কে এম আমির হোসেন, ভারপ্রাপ্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ব্যান্সডক কর্তৃক আয়োজিত 'ব্যান্সডক-এর ওয়েবসাইট আর্কষণীয়করণ'-শীর্ষক সেমিনারে উপস্থিত সকলের জ্ঞাতার্থে বলেন, আমি স্বাস্থ্য মন্ত্রণালয়ে ছিলাম। মাত্র এক সপ্তাহ হলো আমি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে যোগদান করেছি। তাই ব্যান্সডক আমার কাছে নতুন মনে হচ্ছে। আপনারা ওয়েবসাইট আকর্ষণীয়করণ সম্বন্ধে অনেক মূল্যবান বক্তব্য দিয়েছেন। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পক্ষ থেকে অভিজ্ঞতার আলোকে ও মূল্যবান বক্তব্য দিয়েছে। তিনি ব্যান্সডক-এর ওয়েবসাইটের হোমপেজের ব্যাকগ্রাউন্ড-এর রং (সবুজ) পরিবর্তন করার জন্য বলেন। উদাহরণস্বরূপ বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটের মত ওয়েবসাইট নির্মাণ করা যেতে পারে। ব্যান্সডক একটি গবেষণাধর্মী প্রতিষ্ঠান। গবেষকরাই ব্যান্সডক-এর ওয়েবসাইট বেশী ভিজিট করে। তাই গবেষকদের কথা মাথায় রেখে একটি দৃষ্টি নন্দন ওয়েবসাইট নির্মাণ করা প্রয়োজন। যাতে গবেষকরা ব্যান্সডক-এর ওয়েবসাইট ভিজিট করার সময় ব্যান্সডক-এর প্রতি কোন বিরূপ মনোভাব না হয়। সিস্টার অর্গানাইজেশনের সাথে ব্যান্সডক-এর ওয়েবসাইটে লিংক খুবই ভাল হয়েছে। তিনি International Property Right (IPR)-এর সাথে ভায়োলোশন না হয় সেদিকে লক্ষ্য রেখে ওয়েবসাইট নির্মাণের পরামর্শ প্রদান করেন। সেমিনারে উপস্থিত বিশেষজ্ঞদের সুচিন্তিত মতামত ও সুপারিশমালার মাধ্যমে ব্যান্সডক-এর ওয়েবসাইট সুন্দর ও আকর্ষণীয় হবে, এ আশা রেখে বক্তব্য শেষ করেন।

**ধন্যবাদ জ্ঞাপন, জনাব মিজানুর রহমান, মহাপরিচালক, ব্যান্সডক**

জনাব মিজানুর রহমান, মহাপরিচালক, ব্যান্সডক বলেন, ব্যান্সডক-এর গভার্ণিং বোর্ডের সিদ্ধান্ত ও মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী আমরা কাজ করে থাকি। আজকের সেমিনারটি গভার্ণিং বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী আয়োজন করা হয়েছে। ব্যান্সডক-এ তথ্য প্রযুক্তি ( IT) -এর উপর কোন উচ্চপদস্থ কর্মকর্তা নেই। একজন কম্পিউটার অপারেটর ও একজন ডাটা এন্ট্রি অপারেটর আছে। তাদেরকে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও ভারতের NISCAIR থেকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কাজ করানো হচ্ছে। আপনাদের পরামর্শ অনুযায়ী ব্যান্সডক-এর ওয়েবসাইট আকর্ষণীয় ও দৃষ্টিনন্দন করা হবে। আজকের সেমিনার পূর্ব প্রস্তুতিমূলক সংক্ষিপ্ত সময়ের মধ্যে আয়োজন করা হয়েছে। অনেক ত্রুটি বিচ্যুতি রয়েছে। পরবর্তীতে এ বিষয়ে একটি জাতীয় সেমিনারের আয়োজন করা হবে এবং আপনাদেরও উক্ত সেমিনারে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। আমি আশা করি এ ক্ষুদ্র প্রয়াসের মাধ্যমে আপনাদের সুচিন্তিত মতামতের উপর ভিত্তি করে ব্যান্সডক-এর একটি সুন্দর ওয়েবসাইট গড়ে উঠবে। আপনাদের মূল্যবান সময় ও শ্রম ব্যয় করে ব্যান্সডক-এর সেমিনারে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানাচ্ছি।



**রির্পোট উপস্থাপন, জনাব মোহাম্মদ আসলাম আলী খন্দকার, জুনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার, ব্যান্সডক**

জনাব মোহাম্মদ আসলাম আলী খন্দকার, জেআরও, ব্যান্সডক সেমিনারে অংশগ্রহণকারী সকলকে সালাম জানিয়ে রিপোর্ট উপস্থাপন করেন। তিনি বলেন, সেমিনার দুটি অধিবেশনে ভাগ করা হয়েছে। প্রথম অধিবেশনে কি-নোট উপস্থাপন ও নির্ধারিত আলোচকের আলোচনা, মুক্ত আলোচনা ও প্রধান অতিথির বক্তব্য হয়েছে। মধ্যাহ্ন ভোজের ও নামাজের বিরতির পর দ্বিতীয় অধিবেশনে প্রশ্নোত্তর পর্ব, রির্পোট উপস্থাপন ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়েছে। সেমিনারে স্বাগত ভাষণ দিয়েছেন জনাব মোঃ মনিরুজ্জামান, এসআরও, ব্যান্সডক, কি-নোট উপস্থাপন করেছেন জনাব মোঃ মোজাম্মেল হক, পিএসও, ব্যান্সডক নির্ধারিত ৫ জন অভিজ্ঞ আলোচক কি-নোটের উপর মূল্যবান আলোচনা করেছেন। ৫জন অংশগ্রহণকারী মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেছেন। এ সকল অংশগ্রহণকারীদের মূল্যবান বক্তব্যের মাধ্যমে যে সুপারিশমালা বের হয়ে এসেছে সেগুলো হলোঃ

## সুপারিশমালাঃ

১। ব্যান্সডক-এর ওয়েবসাইটের হোমপেজ আকর্ষণীয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও জন প্রশাসন মন্ত্রণালয়ের মত ঘূর্ণায়মান (রোল) করে নির্মাণ করতে হবে। যেখানে প্রথম পৃষ্ঠায় ব্যান্সডক-এর সেবাসমূহের সামারী (বর্ণনা) থাকবে যা বাংলা ও ইংরেজিতে হবে;

২। প্রশ্নত্তোর সম্বলিত ফিডব্যাক-এর ব্যবস্থা রাখতে হবে;

৩। নিউজপেপার সার্সিং-এর সুবিধা থাকতে হবে;

৪। ব্যান্সডক-এর ই-পেমেন্টের বিস্তারিত বর্ণনা দিতে হবে;

৫। ওয়েবসাইটের সিকিউরিটির ব্যবস্থাসহ গ্রাহক কর্তৃক কোন তথ্য ডাউনলোড করতে হলে Registration- করতে হবে;

৬। একটি Common Administration - এর আন্ডারে ডাটাবেজগুলো থাকতে হবে;

৭। Search Engine ইউজার ফ্রেন্ডলি করতে হবে;

৮। ডাটাবেজ তৈরীর ক্ষেত্রে রিপোর্ট তৈরীর ব্যবস্থা থাকতে হবে।

৯। দেশের বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের ওয়েবসাইটের সাথে ব্যান্সডক-এর ওয়েবসাইটের লিংক এর ব্যবস্থা করতে হবে

১০। ইমেজগুলোকে ডায়নামিক করতে হবে;

## অংশগ্রহণকারীবৃন্দের তালিকা

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম | ই-মেইল/ফোন |
|---|---|---|---|
| ১. | জনাব একেএম আমির হোসেন<br>ভারপ্রাপ্ত সচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | |
| ২. | জনাব দিলীপ কুমার বসাক এনডিসি<br>অতিরিক্ত সচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | 01711986246<br>dkbasak3141@gmail.com |
| ৩. | ডাঃ এ কে এম আছাদুজ্জামান<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | 01738500500 |
| ৪. | জনাব জায়েদ ফেরদাউস রুমি<br>পরিচালক | মেসার্স কিউ সফট ২/১৮, ব্লক-বি, গ্রাউন্ড ফ্লোর, লালমাটিয়া, ঢাকা। | 01726686188<br>zferdaus@yahoo.com |
| ৫. | জনাব মিজানুর রহমান<br>মহাপরিচালক | ব্যান্সডক, আগারগাঁও ঢাকা। | 01195374827<br>director@bansdoc.gov.bd |
| ৬. | জনাব মোঃ মোজাম্মেল হক, পিএসও | ব্যান্সডক, আগারগাঁও ঢাকা। | 01726191921<br>muzemmel/4247@gmail.com |
| ৭. | জনাব রবীন্দ্রনাথ রায় চৌধুরী<br>যুগ্ম-সচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | - |
| ৮. | জনাব বেগম ইতি রাণী পোদ্দার<br>যুগ্ম-সচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | - |
| ৯. | জনাব মোঃ আওলাদ হোসেন<br>উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | |
| ১০. | জনাব মোঃ সাখাওয়াত হোসেন<br>প্রোগ্রামার | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | 01717329962<br>programmer@most.gov.bd |
| ১১. | ড. মোঃ আব্দুল আওয়াল, অধ্যাপক | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | 01710987258 |

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম | ই-মেইল/ফোন |
|---|---|---|---|
| ১২. | ড. শাকিল আহমেদ<br>পিএসও | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা। | |
| ১৩. | জনাব মাহবুবুর রহমান<br>এসএসও | বিএইআরএ, ঢাকা। | |
| ১৪. | জনাব আরশাদ হোসেন<br>এনডিসি, মহাপরিচালক | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, ঢাকা। | |
| ১৫. | জনাব এসএএম কামরুজ্জামান<br>পরিসংখ্যান কর্মকর্তা | শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল হাসপাতাল, ঢাকা | 01817059511<br>ssh@hospi.dghs.gov.bd |
| ১৬. | জনাব মোঃ সাইদুল ইসলাম<br>সায়েন্টিফিক অফিসার | বিসিএসআইআর, ঢাকা। | |
| ১৭. | জনাব নায়মা ইয়াসমীন<br>সায়েন্টিফিক অফিসার | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার ঢাকা। | |
| ১৮. | জনাব মোঃ গোলাম কবির<br>পিএস টু সেক্রেটারী | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয় ঢাকা। | 01711277011 |
| ১৯. | জনাব দিল আফরোজ<br>পরিচালক | এআইসি, বিএআরসি ঢাকা। | |
| ২০. | জনাব রাজিয়া পারভীণ<br>চেয়ারম্যান | বাপশনিক, ঢাকা। | |
| ২১. | জনাব নুরুল আলম জুয়েল, প্রোগ্রামার | ইনফো সরকার প্রকল্প এমওআইসিটি | 01722334300<br>QMjEWEL@gmail.com |
| ২২. | জনাব মোঃ রকিব আজম, জিএসও | মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন সংস্থা (স্বারসো), ঢাকা। | |
| ২৩. | জনাব মোঃ নাজমুছ সাহাদৎ, সহকারী কম্পিঃ প্রোগ্রামার | শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা। | |
| ২৪. | ইঞ্জিঃ সুকল্যান বাছাড় | ন্যাশনাল মিউজিয়াম অব সায়েন্স এন্ড টেকনোলজি ঢাকা | |
| ২৫. | জনাব মমতাজ-আলা-শাকুর আহমেদ<br>অতিঃ সচিব | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | |

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম | ই-মেইল/ফোন |
|---|---|---|---|
| ২৬. | জনাব মোঃ মনিরুজ্জামান এসআরও | ব্যান্সডক, আগারগাঁও ঢাকা। | 01715382065<br>mzaman1975@gmail.com |
| ২৭. | জনাব মোঃ মাহবুব এলাহী, প্রশাসনিক কর্মকর্তা (অঃ দাঃ) | ব্যান্সডক, আগারগাঁও ঢাকা। | |
| ২৮. | জনাব নিলুফার বেগম এসএনডটি (অঃ দাঃ) | ব্যান্সডক, আগারগাঁও ঢাকা। | 01552398862<br>nilufer257@gmail.com |
| ২৯. | জনাব মোহাম্মদ আসলাম আলী খন্দকার জেআরও | ব্যান্সডক, আগারগাঁও ঢাকা। | aslamkhandoker@gmail.com<br>01913624326 |
| ৩০. | জনাব শেখ আবু হাসান, কম্পিঃ অপারেটর | ব্যান্সডক, আগারগাঁও ঢাকা। | 01748620240<br>villageit@yahoo.com |
| ৩১. | জনাব মোঃ সফিউল্লাহ জুঃ টেকনিশিয়ান | ব্যান্সডক, আগারগাঁও ঢাকা। | 01817091868<br>shafibansdoc@gmail.com |
| ৩২. | জনাব মোঃ আলী আযম খান, ডিইও | ব্যান্সডক, আগারগাঁও ঢাকা। | aliazamkhan@ymail.com<br>01911709338 |
| ৩৩. | জনাব মোঃ শহিদুল্লাহ তত্ত্বাবধায়ক (অঃ দাঃ) | ব্যান্সডক, আগারগাঁও ঢাকা। | 01670063197 |